

নম্বর -০৫.৪১.৫৪০০.১১৫.০২.০৫৯.২১-২৯২

তারিখ :

০৪ ফাল্গুন ১৪২৭  
১৭ ফেব্রুয়ারি ২০২১


**পুল্লি নিয়োগ বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর ২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১২২.১২-৭১৬ নম্বর স্মারকের পরিশ্রেষ্ঠিতে মাদারীপুর জেলা প্রশাসকের কার্যালয় এর অধীনস্থ রাজস্ব প্রশাসনে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	টাকা ৯৩০০/- --২২৪৯০/-	০১ (এক) টি	(ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস। (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি, টাইপিংয়ে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে।
২।	নাজির কাম-ক্যাশিয়ার	টাকা ৯৩০০/- --২২৪৯০/-	০১ (এক) টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস।
৩।	সার্টিফিকেট সহকারী	টাকা ৯৩০০/- --২২৪৯০/-	০১ (এক) টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস।
৪।	সার্টিফিকেট পেশকার	টাকা ৯৩০০/- --২২৪৯০/-	০১ (এক) টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস।
৫।	ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী	টাকা ৯৩০০/- --২২৪৯০/-	০৩(তিন) টি	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস।

**শর্তাবলী**

- প্রার্থীকে অবশ্যই মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি [www.madaripur.gov.bd](http://www.madaripur.gov.bd) ওয়েবসাইটে এবং এ কার্যালয়ের রাজস্ব শাখায় পাওয়া যাবে।
- আবেদন ফরম কম্পিউটারে টাইপ করে/ হাতে পূরণ করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্ব-হস্তে-তারিখসহ স্বাক্ষর প্রদান করতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- দরখাস্ত আগামী ১১ মার্চ ২০২১ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, মাদারীপুর বরাবর ডাকযোগে পৌছাতে হবে। হাতে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরের গত ২৯.১২.২০১৬ তারিখের ০৫.৪১.৫৪০০.১০৮.০৬.০০৭.১৬-৪৭২ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীর বয়স ১১ মার্চ ২০২১ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছরের পর্যন্ত স্থিতিশীলযোগ্য।
- দরখাস্তের/আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :
  - প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
  - পরীক্ষার ফি বাবদ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে "জেলা প্রশাসক, মাদারীপুর" নামে ১০০ (একশত) টাকার পে-অর্ডার।
  - প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা লিখিত ৬/- টাকার ডাক টিকিট লাগানো ১০"×৪" একটি ফেরত খাম।
  - এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত প্রতিলিপি। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল ব্যবহার করতে হবে।
  - খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
  - বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
  - সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এটিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
  - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি হিসেবে আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। এক্ষণ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।
  - প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত প্রতিলিপি। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল ব্যবহার করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে উল্লিখিত সকল সনদপত্রের/প্রত্যয়নপত্রের মূলকপি উপস্থাপন করবেন।
- লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়াছবি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল ব্যবহার করতে হবে।
- বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কোন তথ্য গোপন করে ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন বা নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(ড. রহিমা খান্নু)  
জেলা প্রশাসক  
মাদারীপুর  
ফোনঃ ০৬৬১-৬২৭৭৭  
dcmadaripur@mopa.gov.bd